

“ফিতনা-ফাসাদ, লঘু শাস্তি এবং গুরু শাস্তি”

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু। বিসমিল্লাহির রাহমানির রাহিম। আজকের আলোচনার বিষয়, “ফিতনা-ফাসাদ, লঘু শাস্তি এবং গুরু শাস্তি”। আল্লাহ তায়ালা রাহমানির রাহিম। তিনি চান আখেরাতে মানুষ কঠিন আজাবে নিপতিত না হোক। তাই তিনি দুনিয়ায় কিছু লঘু শাস্তি প্রদান করেন, যাতে করে মানুষ সঠিক পথে ফিরে আসে।

পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে, সূরা ৯ঃ তওবা, আয়াত ১২৬ঃ

أَوَلَا يَرَوْنَ أَنَّهُمْ يُفْتَنُونَ فِي كُلِّ عَامٍ مَّرَّةً أَوْ مَرَّتَيْنِ ثُمَّ لَا يَتُوبُونَ وَلَا هُمْ يَذَكَّرُونَ

অর্থঃ “উহারা কি দেখেনা, যে উহাদেরকে প্রতিবছর একবার বা দুবার বিপর্যস্ত করা হয়। ইহার পরও উহারা তওবা করে না এবং উপদেশ গ্রহণ করেনা”।

পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে, সূরা ৩৫ঃ রুম, আয়াত ৪১ঃ

ظَهَرَ الْفَسَادُ فِي الْبَرِّ وَالْبَحْرِ بِمَا كَسَبَتْ أَيْدِي النَّاسِ لِيُذِيقَهُمْ بَعْضَ الَّذِي عَمِلُوا لَعَلَّهُمْ يَرْجِعُونَ

অর্থঃ “মানুষের কৃতকর্মের দরুন স্থলে ও সমুদ্রে বিপর্যয় ছড়াইয়া যায়। পরে উহাদেরকে উহাদের কোন কোন কর্মের শাস্তি তিনি আঙ্গাদন করান। যাতে উহারা ফিরে আসে”।

পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে, সূরা ৩১ঃ সাজদা, আয়াত ২১ঃ

وَلَنُذِيقَنَّهُمْ مِّنَ الْعَذَابِ الْأَدْنَىٰ دُونَ الْعَذَابِ الْأَكْبَرِ لَعَلَّهُمْ يَرْجِعُونَ

অর্থঃ “গুরু শাস্তির (আখেরাতে) পূর্বে উহাদেরকে আমি অবশ্যই লঘু শাস্তি দুনিয়ার জীবনে আঙ্গাদন করাইবো, যাতে উহারা ফিরে আসে” ।

পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে, সূরা ৫২ আত তুর, আয়াত ৪৭ঃ

وَإِنَّ لِلَّذِينَ ظَلَمُوا عَذَابًا دُونَ ذَلِكَ وَلَٰكِنَّ أَكْثَرَهُمْ لَا يَعْلَمُونَ

অর্থঃ “ইহা ছাড়া আরও শাস্তি আছে জালিমদের জন্য, কিন্তু উহাদের অধিকাংশই তাহা জানে না” ।

প্রিয় ভাই ও বোনেরা, আসুন আমরা আল্লাহর পথে ও তাঁর রাসূলের পথে ফিরে আসি। কুরআন ও সুন্নাহ মোতাবেক দুনিয়ায় জীবন যাপন করি। আশা করা যায় আল্লাহ তা'আলা আমাদেরকে আখেরাতে কঠিন শাস্তি হতে বাঁচাবেন।

আমিন

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ
